

খণ্ড 12

25/9/2020

Dekalb County School District পরিবারকে শুভেচ্ছা,

এই মরশুমের ভার্যুয়াল লার্নিং এবং স্কুলগুলি পুনরায় খোলার জন্য পরিকল্পনায়, আমরা প্রায়ই শুনেছি "এতে আমরা একসঙ্গে আছি" এবং আমি DCSD-তে এটি সত্যিই খুঁজে পেয়েছি। আমাদের কমিউনিটি পার্টনারদের সঙ্গে কাজ করা হল আমরা প্রতিদিন যে এমন দুর্দান্ত কাজ করি তার সম্পাদনের কেন্দ্রবিন্দু। আমাদের DCSD লিডারশীপ দল আমাদের কমিউনিটি জুড়ে যোগাযোগের লক্ষ্য উন্নত করা সহ আমাদের স্টেকহোল্ডারদের সঙ্গে যুক্ত হয়ে মতামত পাওয়া চালিয়ে যাচ্ছে।

প্রিন্সিপালস অ্যাডভাইজরি কাউন্সিল (PAC) হল আমাদের কমিউনিটি স্টেকহোল্ডার পার্টনারশীপের একটি অসাধারণ দৃষ্টান্ত। PAC পিতামাতা, স্কুলের কর্মী, শিক্ষার্থী এবং কমিউনিটি সদস্যদের নিয়ে গঠিত। তাদের কঠোর পরিশ্রম এগুলি সহ শিক্ষার্থীদের কৃতিত্ব এবং পারফরম্যান্স বৃদ্ধি করার জন্য সহযোগিতা এবং ধারণার ক্ষেত্রে আমাদের সমর্থন করে:

1. ইস্যুগুলিতে স্কুল-ব্যাপী দৃষ্টিভঙ্গি বজায় রাখা।
2. স্কুল ও কমিউনিটির মধ্যে সংযোগ হিসেবে কাজ করা।
3. স্কুল কমিউনিটির মধ্যে বাবা-মা এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সম্পৃক্ততার জন্য উত্সাহিত করা।
4. স্বচ্ছ কর্মকাণ্ড এবং ভাগ করে নেয়া সেরা অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীর কৃতিত্ব এবং কর্মক্ষমতা বাড়ানোর জন্য কাজ করা।

আমাদের নবনির্বাচিত PAC সদস্যদের অভিনন্দন! আপডেট ও নির্বাচনের তথ্যের জন্য অনুগ্রহ করে [PAC ওয়েবসাইটটি](#) দেখুন।

পরের সপ্তাহে, আমরা প্রিন্সিপাল অ্যাডভাইজরি কাউন্সিল ফোকাস গ্রুপের আয়োজন করব। আমাদের শিক্ষক, শিক্ষার্থী ও ফ্যামিলি অ্যাডভাইজরি গ্রুপগুলো অদূর ভবিষ্যতে আলোচনা সভার আয়োজন করবে। এছাড়াও, আমি আমাদের স্থানীয় বিজনেস কমিউনিটি লিডার যারা সুপারিনটেন্ডেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলের (SCAC) সদস্য তাদেরও দ্রুত স্বরণ করিয়ে দিতে চাই। এইসব কাউন্সিল ও তাদের পার্টনারশীপ মূল্যবান তথ্য প্রদান করে যা আমাদের ডিস্ট্রিক্টে লক্ষ্য অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। আমি সত্যিই সেইসব ব্যক্তিদের কাছে কৃতিত্ব, যারা স্বেচ্ছায় আমাদের কমিউনিটি জন্য কাজ করছেন।

স্কুল পুনরায় খোলা, মুখোমুখি

DCSD কোভিড-19 রি-ওপেনিং টাস্ক ফোর্স আমাদের DCSD পরিবারগুলির পাশাপাশি আমাদের শিক্ষাবিদ এবং কর্মীদের চাহিদা এবং উদ্বেগ আরো ভালভাবে বোঝার জন্য ফোকাস গ্রুপের আয়োজন করা চালিয়ে যাবে। এইসব ফোকাস গ্রুপগুলি থেকে প্রাপ্ত মতামত আমাদেরকে আমাদের স্কুল পুনরায় খোলার পরিকল্পনা পরিমার্জন করতে সাহায্য করবে। এইসব আলোচনায় অংশগ্রহণ করার জন্য যারা যাদের ব্যস্ততা থেকে সময় বের করেছেন তাদের ধন্যবাদ। নীচের চার্টে DCSD স্কুলগুলি পুনরায় খোলার রূপরেখা দেয়া আছে। আবারও, 14 দিনের সময়সীমায় প্রতি 100,000 জনের মধ্যে সংক্রমণ 100 এর কম হবে তখনই কেবল আমরা স্কুলে ক্লাস করানো শুরু করাব।

কোভিড-19 বর্তমান প্রবণতার তথ্য

মনে রাখবেন, কোভিড-19 রি-ওপেনিং টাস্ক ফোর্স প্রতিদিন বিকাল 3টার পর DeKalb কাউন্টি ও জর্জিয়ার সংক্রমণ সংক্রান্ত তথ্যের পর্যবেক্ষণ করতে GDPH-এর ওয়েবসাইটটি পরীক্ষা করে। অনুগ্রহ করে বর্তমান তথ্য দেখতে প্রতিদিন বিকাল 3টার পর <https://dph.georgia.gov/covid-19-daily-status-report> দেখুন।

সুসংবাদ

আমি আমাদের অনেক শিক্ষক ও স্কুলের জন্য গর্বিত যেমন DeKalb Early Learning Academy (DECA), বর্তমানে এর নাম National Blue Ribbon School রাখা হয়েছে। এটা সম্মানের। স্বীকৃতি একটি স্কুলের সামগ্রিক একাডেমিক কর্মক্ষমতা বা শিক্ষার্থী উপগোষ্ঠীর মধ্যে কৃতিত্বের খামতি বন্ধ করার অগ্রগতির ভিত্তিক। আমি এই উতকর্ষতা অর্জনের জন্য Dr. Michelle Jones, অধ্যক্ষ Edward Conner, DECA কর্মী ও সবচেয়ে গুরুত্বপূর্ণ আমাদের শিক্ষার্থীদের সাধুবাদ দিতে চাই। আরো সুসংবাদের জন্য আমাদের [ওয়েব স্টোরি](#) চেক করতে ভুলবেন না!

আমি Lakeside Cluster সামিটে যোগ দিয়েছিলাম। তাদের সহযোগীতা প্রশংসনীয়। Ms. Allyson Gevertz (ডিস্ট্রিক্ট 4), আঞ্চলিক সুপারিনটেনডেন্ট II Mr. Trenton Arnold এবং এই সময়ে আমাদের শিক্ষক ও শিক্ষার্থীদের সহায়তাকারী অধ্যক্ষদের বিশেষ ধন্যবাদ। এছাড়াও, আমি আমাদের স্টুডেন্ট অ্যাডভাইজরি কমিটিকে ধন্যবাদ জানাতে চাই। আমি ভার ভার্চুয়াল মাধ্যমে উনাদের সঙ্গে সাক্ষাত করেছি ও আমাদের শিক্ষার্থীদের কাজ করার অপেক্ষায় আছি!

আমি আমাদের কমিউনিটির প্রত্যেককে এই কঠিন সময়ে স্থিতিস্থাপক হওয়ার জন্য স্বরণ করিয়ে দিতে চাই, বিশেষত যেহেতু আমরা আমাদের চারপাশের অস্থিরতা ও সামাজিক অন্যায সংঘটিত হতে পারে। অনুগ্রহ করে মনে রাখবেন DCSD কাউন্সেলর, কর্মী এবং শিক্ষকরা জাতি এবং বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তির বিষয়ে প্রয়োজনীয় আলোচনার মাধ্যমে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারকে দিশা দেখাতে সহায়তা করার জন্য সর্বদা উপলব্ধ।

স্বর্গীয় John Lewis বলেছিলেন, “আমাদের সমাজে পার্থক্য আনতে প্রতিশ্রুতিবদ্ধ এবং দৃঢ়প্রতিজ্ঞ ব্যক্তির শক্তি কিছুই থামাতে পারে না।” আমি আন্তরিকভাবে বিশ্বাস করি যে একসাথে আমরা আমাদের তরুণ শিক্ষার্থীদের এখন এবং ভবিষ্যতের বিশ্বে একটি পার্থক্য তৈরি করার জন্য সরঞ্জাম এবং সংস্থান প্রদান করতে পারি। এই ভিলেজকে আরো শক্তিশালী করার জন্য, আপনার মতামত প্রদান করার জন্য এবং আমাদের শিক্ষার্থীদের ভার্চুয়াল মাধ্যমে সাফল্য অর্জন করার সময় তাদের সহায়তা করার জন্য আপনাকে ধন্যবাদ।

আপনার 1 নম্বর চিয়ারলিডার

Cheryl Watson-Harris